# গাজা সিটির শিল্পাঞ্চলে ইসরায়েলি হামলায় নিহত ৪



ছবি: সংগৃহীত

গাজা সিটির ইন্ডাস্ট্রিয়াল জোনে নতুন করে বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। স্থানীয় সূত্রের তথ্য অনুযায়ী, হামলায় একটি ধাতু প্রক্রিয়াজাতকরণ কারখানাসহ আশপাশের কয়েকটি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে অন্তত চারজন নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও বেশ কয়েকজন।

ইসরায়েলি সামরিক বাহিনীর দাবি, অভিযানের লক্ষ্য ছিল হামাসের একটি অস্ত্র উৎপাদন ও সংরক্ষণ কেন্দ্র। তাদের ভাষ্য অনুযায়ী, সংশ্লিষ্ট স্থাপনাটি সামরিক কাজে ব্যবহৃত হচ্ছিল এবং সেখানে হামাসের সদস্যদের উপস্থিতি ছিল।

অন্যদিকে ফিলিস্তিনি সূত্রগুলো বলছে, হামলার শিকার হওয়া স্থানটি একটি বেসামরিক শিল্পকারখানা এবং এতে সাধারণ মানুষের হতাহতের ঘটনা ঘটেছে। হামলার পরপরই উদ্ধারকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে ধ্বংসস্তূপ সরিয়ে আহতদের উদ্ধার এবং ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের কাজ শুরু করেন।

যুদ্ধবিরতি কার্যকর রয়েছে বলে আন্তর্জাতিক মহলে আলোচনা চললেও সাম্প্রতিক সময়ে গাজায় ইসরায়েলি হামলার ঘটনা অব্যাহত রয়েছে। সর্বশেষ এই হামলার পর অঞ্চলটির নিরাপত্তা পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে উঠেছে বলে মনে করছেন সংশ্লিষ্ট বিশ্লেষকরা।

LENS ASIA